ত্রৈমাসিক
# ডাইফ বার্তা
*"শোভন কর্মপরিবেশ, এগিয়ে যাচ্ছে বাংলাদেশ"*

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ডাইফ), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সংখ্যা ০৫ • (জুলাই-সেপ্টেম্বর) ২০১৮

**অধিদপ্তরের কার্যক্রম: (এপ্রিল-জুন) ২০১৮**

| কার্যক্রম | সংখ্যা |
|---|---|
| পরিদর্শিত কারখানা ও প্রতিষ্ঠান | ১০০১৫ |
| অভিযোগ গ্রহণ | ১০৫৫ |
| অভিযোগ নিষ্পত্তি | ৬৯২ |
| শ্রম আইন লঙ্ঘনের দায়ে মামলা | ৪৮৮ |
| শিশু শ্রমের বিরুদ্ধে মামলা | ৯ |
| মামলা নিষ্পত্তি | ১৭২ |
| গণশুনানি নিষ্পত্তি | ৩৭০ |
| উদ্বুদ্ধকরণ সভা | ১৯৬ |
| নতুন লাইসেন্স | ৩৭৬০ |
| নবায়নকৃত লাইসেন্স | ৬২৭৩ |
| দেশি/বিদেশি প্রশিক্ষণ | ১৬ |
| প্রশিক্ষণে অংশগ্রহণকৃত প্রশিক্ষণার্থী | ২৬৬ |

## কারখানা সংস্কার দ্রুততর করতে ৬০ প্রকৌশলী নিয়োগ

ত্রুটিপূর্ণ পোশাক কারখানার সংস্কার কার্যক্রম গতিশীল করার জন্য ৬০ জন প্রকৌশলী নিয়োগ করেছে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর। এক বছর মেয়াদী "রিমেডিয়েশন কো-অর্ডিনেশন সেল-এ ন্যাস্ত কারখানাগুলোর ক্যাপ বাস্তবায়ন শীর্ষক প্রকল্প"-এর আওতায় এই প্রকৌশলীগণকে নিয়োগ প্রদান করা হয়েছে। National Initiative এর আওতাধীন ১৫৪৯টি রপ্তানীমুখী পোশাক কারখানার সংস্কার কাজ তদারকি এবং Corrective Action Plan (CAP) বাস্তবায়নে Structural,Fire এবং Electrical টাস্ক ফোর্সকে সহায়তা করছেন নব নিযুক্ত প্রকৌশলীগণ। উল্লেখ্য, কারখানা রিমেডিয়েশন কার্যক্রম দ্রুততর করতে ডাইফ-এর মহাপরিদর্শক-এর নেতৃত্বে কারখানা মালিকদের সঙ্গে ২০১৭ খ্রিষ্টাব্দে মোট ৩২টি মত বিনিময় সভা আয়োজন করা হয়েছিল। এসব সভায় এপ্রিল ২০১৮ এর মধ্যে রিমেডিয়েশন সম্পন্ন করার জন্য মালিক প্রতিনিধিগণ চুক্তিবদ্ধ হয়েছিলেন। এই সময়ের মধ্যে সম্পন্ন সংস্কার কাজ সন্তোষজনক না হওয়ায় ২১ জুন, ২০১৮ তারিখে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রতিমন্ত্রী জনাব মুজিবুল হক, এমপি এর সভাপতিত্বে বিজিএমইএ ভবনে কারখানা মালিকদের সঙ্গে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয় ও রিমেডিয়েশন সম্পন্ন করার জন্য কারখানা মালিকদেরকে ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত সময় বেঁধে দেয়া হয়। এছাড়া গত ৫ সেপ্টেম্বর, ২০১৮ থেকে ১৭ সেপ্টেম্বর, ২০১৮ পর্যন্ত পুনরায় কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের মহাপরিদর্শকের সভাপতিত্বে ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে মোট ২৫টি মতবিনিময় সভা করা হয়। সভাগুলিতে ডিসেম্বর ২০১৮-এর মধ্যে সংস্কার কাজ সম্পন্ন করার জন্য কারখানা মালিক প্রতিনিধিগণকে তাগিদ প্রদান করা হয়।




নব নিযুক্ত প্রকৌশলীগণের পরিচিতিমূলক সভা।

## ই-ফাইলিং-এ দশমবারের মতো শীর্ষে ডাইফ

সেপ্টেম্বর (০১-১৫) ২০১৮-এর ই-নথি ব্যবস্থাপনার ভিত্তিতে "অধিদপ্তর (ছোট ক্যাটাগরি)"-তে প্রথম স্থান অর্জন করেছে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর। ই-নথি ব্যবস্থাপনায় এ নিয়ে ১০ম বারের মতো শীর্ষস্থান অর্জন করলো ডাইফ। প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে পাক্ষিক ও মাসিক ভিত্তিতে উক্ত র‍্যাংকিং ঘোষণা করা হয়।

তথ্য-প্রযুক্তি ব্যবহার করে সহজে এবং স্বল্প সময়ে সেবা প্রদানের লক্ষ্যে ই-ফাইলিং প্রবর্তনে জোর দিয়েছে বর্তমান সরকার। ডিজিটাল বাংলাদেশ তথা রূপকল্প ২০২১ বাস্তবায়নে কার্যকর মাধ্যম হিসেবে ব্যবহৃত হচ্ছে ই-ফাইলিং। ২০১৭ খ্রিষ্টাব্দের ফেব্রুয়ারি মাসে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরে দাপ্তরিক কাজে ই-ফাইলিং ব্যবহার শুরু হয় এবং অক্টোবর-২০১৭ থেকে শতভাগ কার্যক্রম ই-ফাইলিং এর মাধ্যমে সম্পন্ন হচ্ছে। ডাইফের ২৩টি আঞ্চলিক কার্যালয়ের মধ্যে চারটি কার্যালয়ে ইতোমধ্যে ই-ফাইলিং চালু করা হয়েছে।



প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক ঘোষিত ই-ফাইলিং-এর র‍্যাংকিং।

## লেবার ইন্সপেকশন ম্যানেজমেন্ট অ্যাপ্লিকেশন (LIMA)'র অগ্রগতি

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ৪টি উপমহাপরিদর্শকের কার্যালয়ে "লেবার ইন্সপেকশন ম্যানেজমেন্ট অ্যাপ্লিকেশন" (লিমা)-এর পাইলটিং চলছে। অধিদপ্তরের সকল কার্যালয়ে অ্যাপটি পরিপূর্ণভাবে চালু করার পূর্বে এই অ্যাপের কার্যকরিতা এবং ত্রুটি খতিয়ে দেখা হচ্ছে। কোন ত্রুটি পরিলক্ষিত হলে তা অ্যাপ নির্মাণকারী প্রতিষ্ঠানকে জানানো হয়। এভাবে উদ্ভূত ত্রুটি সংশোধন করে অ্যাপটিকে অধিকতর ব্যবহার উপযোগী করা হচ্ছে। অধিদপ্তরের কার্যক্রমকে যুগোপযোগী করা এবং পরিদর্শন কার্যক্রমে আরো স্বচ্ছতা, জবাবদিহিতা ও গতিশীলতা আনয়নের জন্য গত ৬ মার্চ ২০১৮ অ্যাপটি চালু করা হয়েছিল। এই অ্যাপে সংরক্ষিত অথ্যের ভিত্তিতে সহজেই অল্প সময়ে মাসিক ও বার্ষিক পরিদর্শন প্রতিবেদন প্রস্তুত করা যাবে। এই অ্যাপ ব্যবহারকারী শ্রম পরিদর্শকগণ মহাপরিদর্শকের সার্বক্ষণিক ট্র্যাকিং-এর আওতাভুক্ত থাকবেন। লিমা অ্যাপ তৈরিতে আন্তর্জাতিক শ্রম সংস্থার "বাংলাদেশের তৈরি পোশাক শিল্পে কর্মপরিবেশ উন্নয়ন"-কর্মসূচী সহযোগিতা করেছে এবং অর্থায়ন করেছে কানাডা, নেদারল্যান্ডস এবং যুক্তরাজ্য।



লিমা উদ্বোধন অনুষ্ঠানে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী এবং অন্যান্য অতিথিবৃন্দ।

## শ্রম অসন্তোষ নিরসনে ডাইফের সাফল্য

গত ২২ আগস্ট ঈদ-উল-আযহা উপলক্ষে সারা দেশে শ্রম অসন্তোষ নিরসনে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে। ঈদ পূর্ববর্তী এবং পরবর্তী সময়ে কারখানা ও প্রতিষ্ঠানে শ্রমিকদের বেতন ও বোনাস প্রদানকে কেন্দ্র করে উদ্ভূত পরিস্থিতি মোকাবেলায় দক্ষতার স্বাক্ষর রেখেছে ডাইফ। অধিদপ্তরের মহাপরিদর্শকসহ উর্ধ্বতন কর্মকর্তাগণের সার্বিক তত্ত্বাবধানে পোশাক কারখানাগুলোর শ্রমিকদেরকে প্রায় শতভাগ বেতন ও বোনাস প্রদান নিশ্চিত করা হয়েছে। ঈদ-উল-আযহা ২০১৮ পূর্ববর্তী সময়ে ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর এবং চট্টগ্রাম মোট ১৫টি শ্রম অসন্তোষ সৃষ্টি হয়, যার সবগুলো নিরসনে ডাইফ উল্লেখযোগ্য অবদান রেখেছে। এসময়ে অধিদপ্তরের ২৩টি কার্যালয়ের অধীনে সারাদেশে শ্রম পরিদর্শকগণ তৎপর থাকায় অন্য কোথাও শ্রম অসন্তোষ পরিলক্ষিত হয়নি। উল্লেখ্য, ঈদ পূর্ববর্তী সময়ে ডাইফের প্রধান কার্যালয়ে কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন করে সারা দেশের শ্রম পরিস্থিতি পর্যবেক্ষণ করা হয়।

## ডেনমার্কে ডাইফ কর্মকর্তাদের শিক্ষা সফর

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের কর্মকর্তাদের নিয়ে শিক্ষা সফর আয়োজন করেছে ডেনিশ সরকার। মে ১৩, ২০১৮ তারিখে সপ্তাহব্যাপী এই শিক্ষা সফর শুরু হয়। ডেনিশ ওয়ার্কিং এনভায়রনমেন্ট অথরিটি (ডিডব্লিউইএ)-এর সদর দপ্তরে অনুষ্ঠিত কয়েকটি সেশনে ব্যবস্থাপনা, কারখানা পরিদর্শন, কনস্ট্রাকশন সেইফটি, ঝুঁকি, দুর্ঘটনা, পেশাগত ব্যাধি ও সেইফটি বিষয়ে অংশগ্রহণকারীরা প্রশিক্ষণ লাভ করেন। প্রশিক্ষণার্থীরা মাঠপর্যায়ে কারখানা পরিদর্শন করে ব্যবহারিক জ্ঞান লাভ করেন। ডাইফ ও ডিডব্লিউইএ এর মধ্যে অভিজ্ঞতা আদান-প্রদান ছিল এই সফরের অন্যতম অনুষঙ্গ। শোভন কর্মপরিবেশ নিশ্চিত করার কার্যকর কিছু পদ্ধতি নিয়ে এই সফরে দুই দেশের প্রতিনিধিগণ আলোচনা করেন। শিক্ষা সফরে অংশগ্রহণকারীরা ডেনমার্ক ও সুইডেনের দর্শনীয় স্থানসমূহ ভ্রমণ করেন। উল্লেখ্য, ডাইফের সঙ্গে ডেনমার্ক-এর চুক্তির প্রথম ধাপে আড়াই বছরে ডেনিস সরকার ডাইফের কর্মকর্তাদের জন্য বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করেছে। আড়াই বছর মেয়াদী চুক্তির সমাপনী উপলক্ষে এই শিক্ষা সফর আয়োজন করা হয়।



শিক্ষাসফরে অংশগ্রহণকারী কর্মকর্তাবৃন্দ



১৭ জুলাই ২০১৮ তারিখে পোশাক কারখানার সংস্কার কাজের অগ্রগতি সংক্রান্ত মতবিনিময় সভায় বক্তব্য প্রদান করছেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব জনাব আফরোজা খান।

**সম্পাদক ও প্রকাশক:** মোঃ সামছুজ্জামান ভূইয়া, মহাপরিদর্শক, ২৩-২৪ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫। **ইমেইল:** ig@dife.gov.bd; **Web:** www.dife.gov.bd

QUARTERLY
# DIFE BULLETIN
"Decent workplace, way forward Bangladesh"

Department of Inspection for Factories & Establishments (DIFE), Ministry of Labour & Employment

Issue 5 ● (July-September) 2018

## DEPARTMENT'S ACTIVITIES: (APRIL-JUNE) 2018

| Activities | Number |
|---|---|
| Inspected Factories & Establishments | 10015 |
| Complaint received | 1055 |
| Disposal of Complaint | 692 |
| Case for labour law violation | 488 |
| Case filed against child labour | 9 |
| Disposal of case | 172 |
| Disposal of public hearing | 370 |
| Motivational meeting | 196 |
| New License issued | 3760 |
| License renewed | 6273 |
| Training at home and abroad | 16 |
| Participants in trainings | 266 |


## Sixty engineers recruited to speed up factory remediation

DIFE has recruited 60 engineers under a one-year project to accelerate the remediation of garment factories. The newly appointed engineers are supervising the remediation work of 1549 export-oriented garment factories under the National Initiative and supporting the Structural, Fire and Electrical Task Force to implement Corrective Action Plan (CAP). It is mentionable that, in order to speed up remediation, a total of 32 view exchange meetings were organized in 2017 with factory owners led by DIFE. In those meetings, factory owners signed an agreement to complete the remediation work by April 2018. As the remediation work carried out in that period was not satisfactory, in a meeting on 21 June 2018 at BGMEA building, honorable state minister, Mr. Mujibul Haque, MP, instructed the factory owners to complete the remediation work by December 2018. Besides, a total of 25 meetings were held with the factory owners in Dhaka, Gazipur, Narayanganj and Chattogram from 5 September, 2018 to 17 September, 2018 under DIFE.

## DIFE tops in E-Filing for 10th time

DIFE, among the departments (small category), has secured the top position for the 10th time in the ranking of E-filing management. In the ranking determined by Access to Information (A2i) project of the Prime Minister's Office (PMO), DIFE has become champion based on the performance of September (01-15), 2018 recently.

The present government has emphasized on introducing e-filing aiming easy and quick service, delivery and prompt decision. E-filing is used as an effective tool for implementing the Digital Bangladesh Vision-2021. Introducing e-filing system in February 2017, DIFE has been doing cent percent of its activities through the system since October last year. DIFE has introduced E-filing in four offices of its 23 DIG offices.



Ranking determined by Access to Information (A2i) project of the Prime Minister's Office.

## Progress of Labor Inspection Management Application (LIMA)

Piloting of "Labor Inspection Management Application (LIMA)" is going on at the four DIG offices to examine the functionality and errors of the app before introducing it fully in all offices. The errors emerged during the piloting are corrected to develop the application more user-friendly. LIMA was launched on 6 March 2018 to digitalize labour inspection ensuring transparency and accountability. LIMA will improve the collection, storage and analysis of inspection data. It will also help DIFE to generate a variety of reports. The newly launched app will enhance data accessibility and transparency by making certain information available to employers and workers. Canada, Netherlands and United Kingdom funded to develop the app through the International Labour Organization (ILO)'s "Improving Working Conditions in the Bangladesh Ready-Made Garment Sector" programme.

## DIFE's success in resolving labour unrest

DIFE has achieved remarkable success in resolving labour unrest before Eid-ul-Azha observed on August 22, 2018. The department has played a vital role to ensure almost cent percent payment of salaries and bonuses to the garment workers. A total of 15 labour unrests were created in Dhaka, Narayanganj, Gazipur and Chattogram before Eid but all were resolved with the direct supervision of the high officials of DIFE. No unrest noticed elsewhere across the country because of the sincerity and dedication of the inspectors working in its 23 offices. During the Eid festival, a central control room is set up at the head office to oversee the labour situation across the country.

## Denmark arranged a study tour for DIFE officials

The Danish government arranged a week-long study tour for 30 DIFE and MOLE officials that began on May 13, 2018. Participants visited the Danish Working Environment Authority (DWEA) headquarter, Denmark and attended intensive programs on Management skills, inspection systems, construction safety issues, risks and accidents at the workplace. The participants visited some factories & construction sites and learnt about field level inspection. Knowledge sharing among DIFE-DWEA officials was a vital part of the programme. Delegates of the two countries found out effective measures to ensure decent workplace in both countries. Apart from that, they visited some sites of touristic interest of Denmark & Sweden. The purpose of the tour was to conclude the training in DIFE during the last two-and-a-half-year and it was the last planned activity of the project's phase 1.



Participants of the study tour in Denmark.



Orientation programme of newly appointed engineers.



State Minister for the Ministry of Labour and Employment MD. Mujibul Haque, MP and other guests at the inauguration of LIMA.



Afroza Khan, secretary of the Ministry of Labour and Employment, is delivering her speech in the meeting on July 17, 2018 on remediation progress in the garment factories.

**Editor & Publisher:** Md. Shamsuzzaman Bhuiyan, IG, 23-24 Karwan Bazar, Dhaka-1215. **E-mail:** ig@dife.gov.bd; **Web:** www.dife.gov.bd